# ALL INDIA RADIO
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date: 04.10.2023** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) মেঘভাঙা বৃষ্টিতে উত্তরবঙ্গে এবং ডিভিসির ছাড়া জলে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় বন্যার ভ্রূকুটি প্রশাসনের উদ্বেগ বাড়িয়েছে। সিকিমে আটকে পড়েছেন এরাজ্যের বহু পর্যটক।

মুখ্যমন্ত্রী জানিয়েছেন, বিপর্যয় মোকাবিলায় প্রশাসন প্রস্তুত। তিনি নিজে পরিস্থিতির দিকে নজর রেখেছেন।

গতিপথ বদলে নিম্নচাপ গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দিকে সরে আসায় সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। আগামীকালও ভারি থেকে অতি ভারি বৃষ্টির সতর্কতা জারি হয়েছে একাধিক জেলায়।

২) নিয়োগ দুর্নীতি মামলায় আপাতত ইডির কাছে সশরীরে হাজিরা দিতে হবে না অভিষেক বন্দ্যোপাধ্যায়কে।

৩) কৃষি ভবনে গতসন্ধ্যার ঘটনাবলীর ফুটেজ প্রকাশ্যে আনার দাবি জানিয়েছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক।

কৃষি ভবনের ঘটনা নিয়ে অভিষেকের বক্তব্য পুরোপুরি অসত্য বলে দাবি করেছে বিজেপি।

৪) আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল আর কিছুক্ষণের মধ্যেই ব্যাঙ্গালুরু এফসির মুখোমুখি হচ্ছে।

---

মেঘভাঙা বৃষ্টিতে উত্তরবঙ্গে এবং ডিভিসির ছাড়া জলে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় বন্যার ভ্রুকুটি প্রশাসনের উদ্বেগ বাড়িয়েছে। উত্তর সিকিমের লাচেন উপত্যকায় লোহনক হ্রদ এলাকায় মেঘভাঙা বৃষ্টিতে তিস্তা বিধ্বংসী রূপ নেয়। ভেসে যায় সেনাবাহিনীর প্রায় ৪০ টি গাড়ি। নিখোঁজ হন ২৩ জন সেনাকর্মী। চুংথাম বাধের জলস্তর ১৫ থেকে ২০ ফুট বেড়ে যাওয়ায় বাধ থেক জল ছাড়া হলে তিস্তা অববাহিকায় হড়পা বান দুকূল ভাসিয়ে দেয়। দুর্যোগের জেরে পশ্চিমবঙ্গের সঙ্গে সিকিমের সংযোগকারী একমাত্র রাস্তা, ১০ নম্বর জাতীয় সড়ক অন্তত ৪ টি জায়গায় অবরুদ্ধ। আটকে পড়েছেন বহু পর্যটক। উদ্ধারের কাজ চালাচ্ছে এনডিআরএফ ও এসডিআরএফ-এর দল। কালিম্পং-এর লাভা ব্লকে সিকিম লাগোয়া সাংসে গ্রাম পঞ্চায়েতের ১৪ জন এখনও নিখোঁজ। লিখুভির ও শ্বেতিঝোরার মাঝে রাস্তা পুরোপুরি ধসে গেছে। রংপো-তে আটকে পড়া একটি পরিবারকে সেনা সহায়তায় উদ্ধার করা হয়েছে।

এদিকে, জলপাইগুড়ির গাজোলডোবা তিস্তা ব্যারেজ থেকে এক মহিলা সহ তিনজনের দেহ উদ্ধার হয়েছে। বন্যায় দেহগুলি ভেসে আসে বলে মনে করা হচ্ছে। জলস্ফীতির দরুণ তিস্তা ব্যারেজের ৩৫ টির মধ্যে ৩২ টি লকগেটই খুলে দেওয়া হয়। প্রতি সেকেন্ডে ৮ হাজার কিউবিক মিটারের বেশি জল ছাড়ায় বন্যার মতো পরিস্থিতির সৃষ্টি হয় দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি ও কোচবিহার জেলার তিস্তা অববাহিকা এলাকায়। চার জেলায় খোলা হয়েছে ৩৯ টি ত্রাণ শিবির। সাড়ে ৬ হাজারের বেশি মানুষকে নিরাপদ আশ্রয়ে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে।

জলপাইগুড়িতে তিস্তার অসংরক্ষিত এলাকায় লাল এবং সংরক্ষিত এলাকায় জারি রয়েছে হলুদ সতর্কতা। বন্ধ রাখা হয়েছে জেলার সমস্ত স্কুল। মাইকিং করে তিস্তা লাগোয়া নীচু এলাকার মানুষজনকে সতর্ক করা হচ্ছে। দোমোহনিতে তিস্তার জল বিপদসীমা ছুঁইছুঁই।

অন্যদিকে, নিম্নচাপের প্রভাবে ভারি বৃষ্টি এবং বিভিন্ন জলাধার থেকে ছাড়া জলে দক্ষিণবঙ্গে বাঁকুড়া, হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, দক্ষিণ ২৪ পরগণার বিস্তীর্ণ এলাকা প্লাবিত। ১৭৮টি ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন চার হাজারের বেশি মানুষ।

ডিভিসির ছাড়া জলে হুগলীর খানাকুল এক, দুই ও তারকেশ্বর এবং হাওড়ার উদয়নারায়ণপুর ও আমতা ব্লকের বহু এলাকা বানভাসি।

আজ নবান্নে বন্যা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদী ও প্রশাসনের শীর্ষ কর্তাদের বৈঠকে টেলিফোনে যোগ দেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। উত্তরবঙ্গের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেন তিনি। বিপর্যস্ত সিকিম প্রশাসনের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার কথাও বলেন।

বাইট

মুখ্যমন্ত্রী জানান, সেচমন্ত্রী পার্থ ভৌমিক ও বিদ্যুত্ মন্ত্রী অরূপ বিশ্বাস উত্তরবঙ্গে পৌঁছেছেন। বরিষ্ঠ আইএএস অফিসারদের একটি দলও রওনা হয়েছে।

পরিস্থিতি মোকাবিলায় রাজ্য সরকারের সমস্ত কর্মীর ছুটি বাতিল করা হয়েছে। খোলা হয়েছে ২৪ ঘন্টার কন্ট্রোল রুম। এর নম্বর ০৩৩-২২১৪-৩৫২৬ এবং ১০৭০। পর্যটন দপ্তরও পৃথক কন্ট্রোল রুম চালু করেছে। এর নম্বর হল ১৮০০-২১২-১৬৫৫ এবং ৯০৫১-৮৮৮-১৭১। পায়ে চোট নিয়ে মুখ্যমন্ত্রী গৃহবন্দী থাকলেও পরিস্থিতির ওপর সর্বক্ষণ নজর রেখেছেন।

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমও ডিভিসির ছাড়া জল নিয়ে সমালোচনা করেছেন।

বাইট

--------------------------

পূর্ব বর্ধমানের রায়না দু মন্বর ব্লকের গোতান গ্রাম পঞ্চায়েতের কোটশিমুল গ্রামের কাছে মুন্ডেশ্বরী নদীর পাড়ে একশো ফুট জুড়ে ভাঙ্গন দেখা দেওয়ায় এলাকার মানুষ আতঙ্কিত। খবর পেয়ে আজ সকালেই মেরামতির কাজ শুরু করে সেচ দপ্তর।

---------------------------

দক্ষিণ ঝাড়খন্ড ও পার্শ্ববর্তী এলাকার ওপর কেন্দ্রীভূত নিম্নচাপ, গাঙ্গেয় পশ্চিমবঙ্গের দিকে সরে আসায় রাজ্যের সব জেলাতেই বৃষ্টি হচ্ছে। আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা গণেশ দাস আকাশবাণীকে জানালেন,

বাইট

-----------------------------

নিয়োগ দুর্নীতি মামলার তদন্তে আপাতত সশরীরে হাজিরা দিতে হবে না লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার সিইও তথা তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। আজ কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌমেন সেন এবং বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চ প্রস্তাব দিয়েছে, অভিষেকের কাছে যেসব নথি চাওয়া হয়েছে তা ১২ অক্টোবর ইডিকে দিতে হবে। ওই নথি খতিয়ে দেখে সন্তুষ্ট না হলে পুজোর পর অভিষেককে তলব করতে পারবে ইডি। একই সঙ্গে ডিভিশন বেঞ্চ জানিয়েছে, তদন্ত প্রক্রিয়া ব্যহত হওয়া উচিত নয়। দিল্লীতে দলীয় কর্মসূচীর দরুণ তিন

তারিখ হাজিরা দিতে না পারায়, আগামী সোমবার ৯ তারিখ অভিষেককে তলব করে ইডি।

গত শুক্রবার বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছিলেন, তেসরা অক্টোবরের তদন্ত প্রক্রিয়ায় কোনও ব্যাঘাত যাতে না হয়, তা ইডিকে নিশ্চিত করতে হবে। সিঙ্গল বেঞ্চের এই নির্দেশকে চ্যালেঞ্জ করেই ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হন অভিষেক।

সিঙ্গল বেঞ্চের নির্দেশে কোথায় অভিষেকের আপত্তি, তা নিয়ে প্রশ্ন তোলেন ডিভিশন বেঞ্চ। পর্যবেক্ষণে বেঞ্চ জানিয়েছেন, লিপস অ্যান্ড বাউন্ডস একটি বেসরকারি সংস্থা। এর সব তথ্য এবং আর্থিক লেনদেন হয়েছে কিনা তা জনসমক্ষে আসা উচিত। সংস্থার সিইও-র বিষয়ে যা জানতে চাওয়া হয়েছে তাও জনসমক্ষে নিয়ে আসা উচিত।

নিয়োগ দুর্নীতি মামলায় এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের তদন্ত নিয়ে ডিভিশন বেঞ্চ আজ প্রশ্ন তোলে। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দায়ের করা মামলার শুনানিতে ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, ইডির হতে অনেক ক্ষমতা আছে। ১৯ মাস ধরে তদন্তে চলছে। ইডি কি করেছে? কোনও আর্থিক লেনদেন হয়ে থাকলে তা পরিষ্কার হওয়া উচিত।

----------------------------

দিল্লীতে গতরাতের পর আজ সন্ধ্যায় কলকাতায় ফিরেও কৃষিভবনে তৃণমূল কংগ্রেস প্রতিনিধি দলের সঙ্গে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী সাধ্বী নিরঞ্জন জ্যোতির দেখা না করা নিয়ে সমালোচনায় মুখর হলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। দমদম বিমানবন্দরে নেমে আজ সাংবাদিকদের তিনি বলেন, একশো দিনের কাজ করে টাকা না পেয়ে বঞ্চিত লক্ষ লক্ষ মানুষের কথা তাঁরা মন্ত্রীর কাছে পৌঁছে দিতে চেয়েছিলেন। প্রকৃত সত্য উদ্ঘাটনে কৃষিভবনে গতসন্ধ্যার ফুটেজ প্রকাশ্যে আনার দাবি জানিয়েছেন তিনি।

বাইট

পুলিশি হেনস্থার তীব্র নিন্দা করে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক জানান, এর প্রতিবাদেই বঞ্চিত মানুষদের ৫০ লক্ষ চিঠি নিয়ে আগামীকাল তাঁরা রাজভবনে যাবেন।

এদিকে, তৃণমূল কংগ্রেস আগামীকাল রাজভবন অভিযানের ডাক দিলেও রাজ্যপাল সি ভি আনন্দ বোসের সঙ্গে তাঁদের দেখা হওয়া অনিশ্চিত। রাজভবন সূত্রে জানা গেছে, কেরালার কোচি থেকে আজ নতুন দিল্লী গেছেন রাজ্যপাল। আগামীকাল তিনি কলকাতায় ফিরবেন কিনা, তা এখনও স্পষ্ট নয়।

---------------------------

কৃষি ভবনে গতকাল অভিষেক ব্যানার্জি সহ তৃণমূল কংগ্রেস সাংসদদের অন্যায়ভাবে আটক করার অভিযোগ বিজেপি খারিজ করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, পুরোপুরি অসত্য বলা হচ্ছে।

বাইট

-----------------------------

বেঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে আইএসএল ফুটবল ম্যাচে ইস্টবেঙ্গল, আর কিছুক্ষণের মধ্যেই বেঙ্গালুরু এফসির মুখোমুখি হচ্ছে। খেলা শুরু হবে রাত আটটায়। ইস্টবেঙ্গল ২ ম্যাচ খেলে ৪ পয়েন্ট সংগ্রহ করেছে। অন্যদিকে বেঙ্গালুরু এফ সি দুটি ম্যাচে পরাজিত হওয়ায় এখনো কোনো পয়েন্ট সংগ্রহ করতে পারেনি।
আগামীকাল আইএসএলের ম্যাচে জামশেদপুর এফ সি হায়দ্রাবাদ এফ সির মুখোমুখি হবে। জামশেদপুরের জে আর ডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে

---------------------------    ----------------------------